# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা জ্ঞাত করা যাইতেছে যে সাগর দত্ত এষ্টেটের অন্তর্গত কামারহাটিস্থ সাগর দত্ত স্কুল এলাকা সংলগ্ন তিনটি (৩) পুকুর মৎস্য চাষ করিবার জন্য তিন বৎসরের মেয়াদে লাইসেন্স দেওয়া হইবে। আগামী ইং ১৪ই সেপ্টেম্বর, ২০২০ তারিখে বেলা ১টায় নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রকাশ্য নিলাম ডাকা হইবে। ইচ্ছুক ব্যক্তিগণ ৫,০০০ টাকা জামানত বাবদ নিম্নস্বাক্ষরকারীর নিকট ঐ দিন বেলা ১২-৩০ মিনিটের মধ্যে জমা দিয়া প্রকাশ্য নিলামে অংশগ্রহন করিতে পারিবেন । নিলামের অন্যান্য শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিসে ইং ৪ঠা সেপ্টেম্বর, ২০২০ হইতে ১১ই সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত্য বেলা ১২.০০টা হইতে বিকাল ৪.০০টে পর্যন্ত্য পাওয়া যাইবে। ডাকের সংরক্ষিত মূল্য মোট বাৎসরিক ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ধার্য্য করা হইয়াছে। এর কম কোনও ডাক গ্রহণ করা হইবে না।

বিপ্লব রায়
মহাপরিপালক, পশ্চিমবঙ্গ
১, কিরন শঙ্কর রায় রোড (১১ তল)
কলকাতা-৭০০০০১

১৩ই আগষ্ট, ২০২০

মহাপরিপালকের দপ্তর, পশ্চিমবঙ্গ

নব মহাকরন ভবন, একাদশ তল, ১, কিরন শঙ্কর রায় রোড, কলকাতা-৭০০০০১

তারিখ : ১৩ই আগষ্ট, ২০২০

এস্টেট : সাগর দত্ত

বিষয় : মৎস্য ধরিবার জন্য তিন (৩) বৎসর মেয়াদী ইজারা

## শর্তাবলী

১. মৎস্য ধরিবার বন্দোবস্ত লাইসেন্স হিসাবে সাময়িক তিন (৩) বৎসরের জন্য দেওয়া হইবে।

২. না-মঞ্জুর বা বাতিল ডাকদাতার ডাকের বিষয়বস্তু বা উহার লাইসেন্সের উপর কোনও দাবী থাকিবেনা।

৩. যিনি এই শর্তাবলী স্বীকৃত হইয়া লাইসেন্সের জন্য ডাক দিবেন তাহাকে স্মরন করানো যাইতেছে যে তাহার প্রদত্ত ডাকমূল্য স্থিরীকৃত সংরক্ষিত মুল্য বাৎসরিক মোট ১,০০,০০০ (এক লক্ষ) টাকা অপেক্ষা কম হইলে চলিবে না।

৪. সর্বোচ্চ ডাকদাতার ডাক অনুমোদিত হইবার সঙ্গে সঙ্গেই তিন বৎসরের লাইসেন্স ফি'র টাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট অবশ্যই সঙ্গে সঙ্গে নগদে জমা দিতে হবে।

৫. যদি শেষ বা সর্বোচ্চ ডাক সম্বন্ধে কোন বিতর্ক উপস্থিত হয় কিংবা অনুমোদিত ডাকদাতা নিলাম ডাক অন্তে নিলামের শর্তানুসারে তাহার নিকট প্রাপ্য তিন বৎসরের লাইসেন্স ফি'র টাকা সঙ্গে সঙ্গে নগদে জমা না দেন, তাহা হইলে ঠিক পরবর্তী ডাক হইতে পুনরায় নতুন করিয়া ডাক আরম্ভ হইবে। পরবর্তী নিলামের টাকা পূর্ববর্তী ডাকের টাকা অপেক্ষা কম হইলে পূর্ববর্তী নিলামের ডাকদাতা ক্ষতিপূরন করিতে বাধ্য থাকিবেন। কিন্তু পরবর্তী নিলামের ডাকের টাকা পূর্ববর্তী নিলামের ডাকের টাকা অপেক্ষা অধিক হইলে পূর্ববর্তী নিলামের ডাকদাতা সেই অধিক টাকার হকদার হইবেন না বা তাহা দাবী করিতে পারিবেন না, এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

৬. লাইসেন্স প্রদত্ত পুস্করিনী সমুহের পরিস্কার ও পরিচ্ছন্ন রাখিবার দায়িত্ব ও মিউনিসিপ্যাল লাইসেন্সের দায়িত্ব লাইসেন্সের গ্রহীতাকে অবশ্যই বহন করিতে হইবে।

৭. লাইসেন্স ব্যবহারের ক্ষেত্রে কোনভাবেই পুস্করিনী সমুহে কোন প্রকার বিষাক্ত জিনিষ অথবা কীটনাশক ওষুধ ব্যবহার করে পুস্করিণীর প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করা যাইবেনা।

৮. নিলামে ডাক সমাপ্তি অন্তে অনুমোদিত ডাকদাতা নিলামকারীর নিকট হইতে যে তিন (৩) বৎসরের লাইসেন্স ফি'র টাকা জমা দিবেন সেজন্য তিনি নিম্নস্বাক্ষরকারীর নিকট হইতে কাঁচা রসিদ পাইবেন। অতঃপর কাঁচা রসিদ ফেরৎ দিলে নিম্নস্বাক্ষরকারীর নিকট হইতে যথা সময়ে তিনি পাকা রসিদ পাইবেন।

৯. ইচ্ছুক ডাকদাতাগনকে ৫,০০০ টাকা নগদে জামানত হিসাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট অবশ্যই অগ্রিম জমা দিতে হইবে নতুবা ডাকে অংশ লইতে পারিবেন না। উক্ত ৫,০০০ টাকা জমা রাখিবার পর ডাকদাতাগন নিম্নস্বাক্ষরকারীর নিকট হইতে কাঁচা রসিদ পাইবেন। বিফল ডাকদাতাগন উক্ত কাঁচা রসিদ জমা দিয়া উক্ত ৫,০০০ টাকা ফেরৎ পাইবেন অন্যথায় ফেরৎ পাইবেন না। সর্বোচ্চ ডাকদাতার ডাক মঞ্জুর হইবার পর তিনি তাহার সর্বোচ্চ ডাকের টাকা দিতে অস্বীকার করিলে তাহার জমানত বাবদ ৫,০০০ টাকা বাজেয়াপ্ত হইবে।

১০. ডাকের বিষয়বস্তুর বিজ্ঞপ্তিতে, বিবরণ অথবা অন্য কোন বিষয়ে ভুল-ভ্রান্তি থাকিলে তাহা লইয়া যেমন বিতর্ক বা বাদানুবাদ গ্রাহ্য হইবেনা বা উহা নিলাম রদ বা বাতিল হইবার কারন বলিয়া গণ্য হইবেনা। প্রকাশ থাকে যে ডাককারী নিলামে যোগদানের পূর্বে নিলামের শর্তসমূহ জ্ঞাত হইয়াই এই নিলামে অংশগ্রহন করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

১১. ডাক শেষ হইবার পর কোন বিষয়েই ডাকদাতা কোনপ্রকার তর্ক-বিতর্ক, বাদানুবাদ, নালিশ বা ওজর-আপত্তি করিতে পারিবেন না, যদি করেন তাহা হইলে তাহা অগ্রাহ্য হইবে। ডাকের টাকা জমা হইবার পর কোন অবস্থাতেই তাহা বা তাহার কোন অংশই কোন কারনে ফেরৎ হইবে না।

১২. কোনরূপ কারন না দর্শাইয়া সর্বোচ্চ বা যে কোন ডাকগ্রহন, বাতিল ও অগ্রাহ্য করিবার অধিকার নিম্নস্বাক্ষরকারীর সংরক্ষিত থাকিবে।

বিপ্লব রায়
মহাপরিপালক, পশ্চিমবঙ্গ